

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ২. ৬. লক্ষ লক্ষ মানুষকে মন শক্ত করে নিহত হতে বাধ্য করা

পরবর্তী আলোচনায় আমরা দেখব যে, বনি-ইসরাইল লক্ষ লক্ষ মানুষকে গণহত্যা করে। মূলত ঈশ্বরই হত্যা করার জন্য তাদের মন শক্ত করে দিয়েছিলেন; যেন তারা ইসরাইলের সাথে যুদ্ধ করতে বাধ্য হয় এবং ধ্বংস হয়: "মাবুদ ঐ সব লোকদের মন কঠিন করে দিয়েছিলেন যাতে তারা বনি-ইসরাইলদের বিরুদ্ধে যুদ্ধ করে আর তাতে তারা যেন ধংসের বদদোয়ার অধীন হয় এবং কোন রকম দয়া না পেয়ে মারা যায়।" (ইউসা ১১/২০) অন্যত্র বাইবেল বলছে: "কিন্তু হিম্নোনের বাদশাহ সীহোন তাতে রাজী হলেন না। তোমাদের মাবুদ আল্লাহ তাঁর মন কঠিন করেছিলেন ও অন্তর একগুঁয়েমিতে ভরে দিয়েছিলেন যাতে তিনি তোমাদের হাতে পড়েন, আর এখন তা-ই ঘটেছে। ... এর পর যখন সীহোন তাঁর সৈন্যসামন্ত নিয়ে বের হয়ে যহসে আমাদের সংগে যুদ্ধ করতে আসলেন তখন আমাদের মাবুদ আল্লাহ তাঁকে আমাদের হাতে এনে দিলেন। আমরা তাঁকে, তাঁর সব ছেলেদের এবং তার সৈন্যদলকে ধ্বংস করলাম। সেই সময়ে আমরা তাঁর সমস্ত গ্রাম ও শহর দখল করে নিলাম এবং তাদের পুরুষ, স্ত্রীলোক ও ছেলেমেয়েদের একেবারে ধ্বংস কলে ফেললাম; তাদের কাউকেই আমরা বাঁচিয়ে রাখি নি। কিন্তু পশুপাল এবং শহর থেকে লুট করা জিনিসপত্র আমরা নিজেদের জন্য নিয়ে আসলাম।" (দ্বিতীয় বিবরণ ২/৩০-৩৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14542

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন